



# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

শেরেবাংলা নগর, আগারগাঁও  
ঢাকা-১২০৭।



স্মারক নং-৫৭.১৭.০০০০.২১৮.৩২.০০১.১৯.১৮৯

তারিখঃ ২৪/০৫/২০২১ খ্রি.

## ২০২০-২১ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের ডুপ্লিকেট ভর্তি বাতিল করা প্রসঙ্গে।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কারিগরি শিক্ষা বোর্ডের ভর্তি কমিটির সিদ্ধান্ত মোতাবেক ২০২০-২১ শিক্ষাবর্ষে সরকারি-বেসরকারি সকল ডিপ্লোমা শিক্ষাক্রম, এইচএসসি (বিএম/ভোক:) ও ডিপ্লোমা ইন কমার্স শিক্ষাক্রমের ডুপ্লিকেট শিক্ষার্থীদের প্রতিষ্ঠানভিত্তিক তালিকা ওয়েব সাইটে ([www.btebadmission.gov.bd](http://www.btebadmission.gov.bd)) লিংকের মাধ্যমে ২৬/০৫/২০২১ খ্রি. তারিখের মধ্যে প্রদান করা হবে।

যে সকল শিক্ষার্থী বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডে ২০২০-২১ শিক্ষাবর্ষে বিভিন্ন শিক্ষাক্রমে ডুপ্লিকেট ভর্তি আছে, তাদের মূল নম্বরপত্র যেসব প্রতিষ্ঠানে জমা আছে, তারা অন-লাইনে টিক চিহ্ন এর মাধ্যমে বিষয়টি বাংলাদেশ কারিগরি বোর্ডকে অবগত করবেন। উল্লেখ্য যে, যে সকল প্রতিষ্ঠান শিক্ষার্থীর মূল নম্বরপত্র না থাকা সত্ত্বেও টিক চিহ্ন দিবে তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। এ ব্যাপারে তথ্যের জন্য পুরাতন ভবনের ৪১২নং কক্ষে যোগাযোগ করতে বলা হলো।

২০২০-২১ শিক্ষাবর্ষের পূর্বে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ভর্তিকৃত শিক্ষার্থীদের যদি ডুপ্লিকেট ভর্তি হয়ে থাকে সংশ্লিষ্ট শিক্ষাক্রমের রেজিস্ট্রেশন কার্ড, প্রবেশপত্র, বোর্ড কর্তৃক ইস্যুকৃত নম্বরপত্র (সকল মূলকপি) সহ প্রতিষ্ঠান প্রধানের সুপারিশকৃত ভর্তি বাতিলের আবেদনপত্রসহ “উপ সচিব (রেজিস্ট্রেশন)” বরাবর আবেদন করতে হবে। পুরাতন ভবনের ১১৫ নং কক্ষ হতে শিক্ষার্থী প্রতি ভর্তি বাতিলের ফি ৫০০/- (পাঁচশত) টাকা জমার রশিদ নিয়ে ব্যাংকে জমাদান পূর্বক নতুন ভবনের ৫ম তলায় জমা দিতে হবে।

শিক্ষাক্রম	ডুপ্লিকেট বাতিলের তারিখ	মন্তব্য
সকল সরকারি-বেসরকারি ডিপ্লোমা শিক্ষাক্রম (ইঞ্জিনিয়ারিং, টেক্সটাইল, কৃষি, ফিসারিজ, ফরেস্ট্রি, লাইভস্টক, মেরিন ও শীপবিদ্যে), এইচএসসি (বিএম/ভোক:), ডিপ্লোমা ইন কমার্স	২৭-০৫-২০২১ খ্রি. হইতে ১০-০৬-২০২১ খ্রি. পর্যন্ত	ডুপ্লিকেট ভর্তি বাতিল না হলে শিক্ষার্থী ফরম ফিলাপের যোগ্য বলে বিবেচিত হবেনা এবং ভর্তি বাতিল বলে গণ্য হবে।

### বিষয়টি অতিব জরুরীঃ

বরাবর

সকল সরকারি-বেসরকারি ডিপ্লোমা ইনস্টিটিউট

ও

এইচএসসি (বিএম/ভোক:) প্রতিষ্ঠান।

  
(মোঃ জাহিরুল ইসলাম)

উপ-পরিচালক (এলএমডি)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।